# মা'জুন মুগাল্লিয

**বিবরণঃ** বাংলাদেশ জাতীয় ইউনানী ফর্মুলারী অনুযায়ী প্রস্তুতকৃত সেমিসলিড ঔষধ মাজুন মুগাল্লিজ, পুরুষ ও মহিলাদের জন্য একটি আদর্শ ও ব্যাপকভাবে ব্যবহৃত টনিক। স্পার্মাটোরিয়া (শুক্র ক্ষয়) চিকিৎসায় মাজুন মুগাল্লিজ খুবই কার্যকর, বহুল ব্যবহৃত ও ব্যাপক সমাদৃত ফর্মূলা। পাশাপাশি বন্ধ্যাত্ব, দ্রুত বীর্যপতন (premature ejaculation), বীর্য তারল্য (liquidity of semen) ও যৌন আগ্রহের অভাব (loss of libido) সহ শারীরিক, মানসিক ও যৌন দুর্বলতায় নির্দেশিত।

**উপাদানঃ** প্রতি গ্রাম মাজুন মুগাল্লিজ এ আছে নিম্নোক্ত হার্বস সমূহের পাউডার

| ক্রমিক নং | ইউনানী/বাংলা নাম | বোটানিক্যাল নাম | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | মগ্যে বাদাম শিরীন | *Prunus amygdalus* | ৬০ মি.গ্রা. |
| ২ | নারকেলের শাঁস | *Cocos nucifera* | ৪৫ মি.গ্রা. |
| ৩ | চিলগুযার শাঁস | *Pinus gerardina* | ৩০ মি.গ্রা. |
| ৪ | কাতীরা | *Cochlospermum religiosum* | ১৫ মি.গ্রা. |
| ৫ | বংশলোচন | *Bambusa bambos* | ১৫ মি.গ্রা. |
| ৬ | ছোট এলাচ | *Elettaria cardamomum* | ১৫ মি.গ্রা. |
| ৭ | দারচিনি | *Cinnamomum zeylanicum* | ১৫ মি.গ্রা. |
| ৮ | বাবলা গঁদ | *Acacia arabica* | ১৫ মি.গ্রা. |
| ৯ | নেশাস্তা গন্দুম | *Triticum aestivum* | ১৫ মি.গ্রা. |
| ১০ | ছালেব মিছরি | *Orchis latifolia* | ১৫ মি.গ্রা. |
| ১১ | চুনিয়া গোন্দ | *Butea monosperma* | ৭.৫ মি.গ্রা. |
| ১২ | রুমী মস্তগী | *Pistacia lentiscus* | ৫.০ মি.গ্রা. |
| ১৩ | অন্যান্য উপাদান | | প্রয়োজনমত |

সূত্রঃ মা'জুন মুগাল্লিজ, বা, জা, ই, ফ,।

**রোগ নির্দেশনাঃ** স্পার্মাটোরিয়া (শুক্র ক্ষয়), দ্রুত বীর্য পতন, যৌন দুর্বলতা, বীর্য তারল্য।

**সেবন মাত্রা ও সেবন বিধিঃ** প্রাপ্ত বয়স্কঃ ১-২ চা চামচ (৭-১০ গ্রাম) করে দিনে ১-২ বার অথবা চিকিৎসকের পরামর্শে সেব্য।

**পার্শ্ব-প্রতিক্রিয়াঃ** ইউনানী ঔষধ মাজুন মুগাল্লিজ এ কোন ধরণের পার্শ্ব প্রতিক্রিয়া জানা নেই।

**বিরূপ প্রতিক্রিয়াঃ** তেমন কোন বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি, তবে এর যে কোন উপাদান এর প্রতি সংবেদনশীল রোগীদের ক্ষেত্রে প্রতিক্রিয়া দেখা যেতে পারে।

**সতর্কতাঃ** ডায়াবেটিস রোগীদের সতর্কতার সাথে ব্যবহার করতে হবে।

**সংরক্ষণঃ** আলো থেকে দূরে, ঠান্ডা ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

**সরবরাহ রূপঃ** প্রতিটি প্লাস্টিক কন্টেইনারে আছে ১০০ গ্রাম মাজুন মুগাল্লিয।

IBN SINA

প্রস্তুতকারকঃ
**দি ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ
(ইউনানী বিভাগ), সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।